

ত্রী আল-কাহফ | Al-Kahf | الْكَهْف

আয়াতঃ ১৮: ৭০

া আরবি মূল আয়াত:

قَالَ فَانِ اتَّبَعتَنِى فَلَا تَسَلِنِى عَن شَىءٍ حَتَّى أُحدِثَ لَكَ مِنهُ ذِكرًا ﴿٧٠﴾

সে বলল, 'তবে আপনি যদি আমাকে অনুসরণ করেন, তাহলে কোন বিষয় সম্পর্কে আমাকে প্রশ্ন করবেন না, যতক্ষণ না আমি সে সম্পর্কে আপনাকে জানাই'। — আল-বায়ান

সে বলল, 'আপনি যেহেতু আমার অনুসরণ করতেই চান, তাহলে আপনি আমাকে কোন ব্যাপারেই প্রশ্ন করবেন না যতক্ষণ না আমি নিজেই সে সম্পর্কে আপনাকে বলি।' — তাইসিক্তল

সে বললঃ আচ্ছা, তুমি যদি আমার অনুসরণ করই তাহলে কোনো বিষয়ে আমাকে প্রশ্ন করনা, যতক্ষণ না আমি সে সম্বন্ধে তোমাকে কিছু বলি। — মুজিবুর রহমান

He said, "Then if you follow me, do not ask me about anything until I make to you about it mention." — Sahih International

৭০. সে বলল, আচ্ছা, আপনি যদি আমার অনুসরণ করবেনই তবে কোন বিষয়ে আমাকে প্রশ্ন করবেন না, যতক্ষণ না। আমি সে বিষয়ে আপনাকে কিছু বলি।

তাফসীরে জাকারিয়া

(৭০) সে বলল, আচ্ছা, 'তুমি যদি আমার অনুসরণ কর-ই, তাহলে কোন বিষয়ে আমাকে প্রশ্ন করো না, যতক্ষণ না আমি সে সম্বন্ধে তোমাকে কিছু বলি।'

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2210





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন